গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
http://doict.kushtiasadar.kushtia.gov.bd

**সেপ্টেম্বর -২০২৫ মাসের উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো:রোকনুজ জামান, উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া |
| সভার তারিখ ও সময় | : | ১১-০৯-২০২৫ খ্রিস্টাব্দ, সময় : সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসার কুষ্টিয়া সদর,কুষ্টিয়া এর কনফারেন্স রুম |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১. আলোচ্যসূচি : ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) পরিদর্শন
উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক পরিদর্শন/দর্শন

| ক্রমিক নং | পরিদর্শনকারী কর্মকর্তার পদবী | ইউডিসি পরিদর্শন | ইউডিসি দর্শন |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার,কুষ্টিয়াসদর,কুষ্টিয়া | ১টি | ১টি |

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইসিটি কমিটির সদস্যগণ নিয়মিত ইউডিসি পরিদর্শন করবেন।
**বাস্তবায়নে :** উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

০২। আলোচ্যসূচি : ডিজিটাল ল্যাব পরিদর্শন_উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন

| ক্রমিক নং | পরিদর্শনকারী কর্মকর্তার পদবী | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া | ১ টি |
| ২ | সহকারী প্রোগ্রামার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া | ২ টি |

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইসিটি কমিটির সদস্যগণ নিয়মিত ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন।
**বাস্তবায়নে :** উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া

০৩। আইসিটি সভার নির্ধারিত আলোচ্য বিষয়াবলি এবং গৃহীত সিদ্ধান্তসমূহ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) সংক্রান্ত | ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর আয়/সেবা বৃদ্ধি করতে হবে। উদ্যোক্তাদের আয়/সেবার তথ্য একসেবা সিস্টেম আপলোড করতে হবে। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাদের উপস্থিতি ব্যাপারে আলোচনা হয়। | ১।উদ্যোক্তাদের আয়/সেবা-র তথ্য একসেবা সিস্টেমে আপলোড ও উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার কুষ্টিয়া সদর, কুষ্টিয়া<br>২। ইউপি সচিব, উদ্যোক্তা (সকল) কুষ্টিয়া সদর, কুষ্টিয়া |

CamScanner

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.২ | জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) হালনাগাদ করণ সংক্রান্ত | উপজেলার জাতীয় তথ্য বাতায়নে সার্বিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বেশ কিছু সরকারি অফিসে ওয়েব পোর্টাল শত ভাগ হালনাগাদ হয়েছে এবং কিছু সংখ্যক বাকি আছে। | উপজেলার সরকারি অফিস এর পোর্টালের অবশিষ্ট অংশ হালনাগাদ করণের নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। ইউপি সচিব, উদ্যোক্তা (সকল) কুষ্টিয়া সদর, কুষ্টিয়া |
| ৩.৩ | ই-ফাইল (নথি) সংক্রান্ত | উপজেলার সকল দপ্তরে ডি-নথি ব্যবহার জোরদার করার বিষয়ে জানানো হয়। এছাড়া, উপজেলার যে সকল অফিসে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, তাদেরকে লাইভ সার্ভারে ডি-নথিতে কাজ বৃদ্ধি করার সর্ম্পকে আলোচনা করা হয়। | ১। উপজেলার যে সকল অফিস সমূহ ডি-নথিতে লাইভে আছে সে সকল অফিসের ডি-নথিতে কার্যক্রম বৃদ্ধি করতে নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া |
| ৩.৪ | ডিজিটাল ল্যাব সংক্রান্ত | কুষ্টিয়া সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিতপ্তর কর্তৃক স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের নামের পরিবর্তে আইসিটিডি ডিজিটাল ল্যাব, শেখ রাসেল স্কুল অব ফিউচারের পরিবর্তে আইসিটিডি স্কুল অব ফিউচারের এবং শেখ রাসেল রোবটিক্স কর্ণার নামের পরিবর্তে আইসিটিডি রোবটিক্স কর্ণার করা হয়েছে,এ বিষয়ে আলোচনা করা হয়। | ১। শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থিত ল্যাবসমূহের নাম পরিবর্তনের ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠানে অবহৃতি করার জন্য উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নিদের্শ দেওয়া হয়। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া |
| ৩.৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রন্ত | উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টি মিডিয়া ক্লাস বৃদ্ধির বিষয়ে বলা হয়। এজন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট সকলকে নিয়মিত ভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করার উপর জোর দেয়া হয়। | ১।প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করে মাল্টিমিডিয়া ক্লাস বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম এর তথ্য শতভাগ এমএমসি সিস্টেমে আপলোড নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ সহকারী প্রোগ্রামার/ একাডেমি সুপারভাইজার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া |
| ৩.৬ | স্কুল ও কলেজ এর ওয়েব সাইট সংক্রান্ত | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৪/০৮/২৫ তারিখের ৩৭.০২.০০০০.০০০. ১১৩. ৪৯.০০০১.১৯.২৫ স্মারক এ উল্লেখিত আছে, স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটসমূহ আবশ্যিকভাবে জাতীয় তথ্যবাতায়ন ফ্রেমওয়াক এর আওতায় তৈরি করবে এবং তাদের প্রয়োজনীয় তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করবে। এ ব্যাপারে মাধ্যমিক কর্মকর্তা আলোচনা করেন।<br><br>উপজেলার মাধ্যমিক পর্যায়ে এমপিও ভুক্ত স্কুলসমূহের শিক্ষক এবং ছাত্রছাত্রীদের হাজিরা নিশ্চিত এবং স্কুল ম্যানেজমেন্ট সফটওয়্যার ডেভলপমেন্ট এর ব্যাপারে | সকল শিক্ষা প্রতিষ্ঠান এর স্ব স্ব ওয়েবসাইট সমূহ আবশ্যিকভাবে জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়াক এর আওতায় তৈরি করার এবং তাদের প্রয়োজনীয় তথ্য নিয়মিত ভাবে হালনাগাদ করার নির্দেশনা দেওয়া হয়।<br><br>উপজেলা নির্বাহী কর্মকর্তা স্কুল ম্যানেজমেন্ট সফটওয়ারের ডেভলপমেন্টএর নির্দেশনা প্রদান করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ সহকারী প্রোগ্রামার/ কুষ্টিয়া সদর,কুষ্টিয়া |

CamScanner

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আলোচনা করা হয়। | | |
| ৩.৭ | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত | সকল অফিসের দাপ্তরিক যোগাযোগের জন্য ই-মেইল ব্যবহার করতে হবে। ই-মেইলে প্রাপ্ত পত্রের বিষয়ে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা রয়েছে। | ই-মেইল ব্যবহার করে দাপ্তরিক পত্রালাপ বৃদ্ধি করতে হবে। | দপ্তর প্রধান (সকল) কুষ্টিয়া সদর,কুষ্টিয়া |
| ৩.৮ | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহার সংক্রান্ত | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহারের মাধ্যমে সরকারের সকল ই-সেবা পাওয়া যায়। এ বিষয়ে ব্যাপক প্রচারণা করতে হবে। | মাসিক উঠান বৈঠকে মাইগভ ওয়েবসাই ও অ্যাপ ব্যবহারের বিষয়ে প্রচারণা বৃদ্ধির জন্য তথ্য আপা-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। | সহকারী প্রোগ্রামার/ তথ্য আপা কুষ্টিয়া সদর,কুষ্টিয়া |
| ৩.৯ | ইনফো সরকার প্রকল্প সংক্রান্ত | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল(বিসিসি) কর্তৃক বাস্তবায়িত ইনফো সরকার-২ এর আওতায় উপজেলার সকল দপ্তরে ও ইনফো সরকার-৩ প্রকল্পের আওতায় সকল ইউনিয়নে ইন্টারনেট কানেক্টিভিটি স্থাপন করা হয়েছে। সভায় ইন্টারনেট কানেক্টিভিটি স্থাপন সম্পর্কে আলোচনা করা হয় ও ইন্টারনেট কানেক্টিভিটি সংক্রান্ত সমস্যা হলে বিসিসি আঞ্চলিক কার্যালয় খুলনাতে জানানোর জন্য অনুরোধ করা হয়। | ইন্টারনেট কানেক্টিভিটি সংক্রান্ত সমস্যা হলে বিসিসি আঞ্চলিক কার্যালয় খুলনাতে কর্মরত সহকার মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (০১৬৭০৯৬৭০৭৪)-কে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া |
| ১০ | বিবিধ | উপজেলার সকল দপ্তরের উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম সোশ্যাল মিডিয়া বা Facebook এ প্রচার করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলার সকল দপ্তরের উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম সোশ্যাল মিডিয়া বা Face-book এ প্রচার করতে হবে।<br>২।সোশ্যাল মিডিয়া বা Face book ব্যবহার নীতিমালা অনুসরণ করে, ফেসবুকে পোস্ট/মন্তব্য/শেয়ার দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো:রোকনুজ জামান
উপজেলা নির্বাহী অফিসার
কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
ও
সভাপতি
আইসিটি বিষয়ক উপজেলা কমিটি/ফোরাম
কুষ্টিয়া সদর কুষ্টিয়া।
ফোন : ০১৭৩০৪৭৩৬২৬
e-mail:unokushtia@mopa.gov.bd

স্মারক সংখ্যা-৫৬.০৪.৫০৭৯.০০০.০৬.০০১.২৫-২১ তারিখ: ১১/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা
২. জেলা প্রশাসক, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
৩. সহকারী কমিশনার (ভূমি), কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
৫. উপজেলা কৃষি অফিসার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
৬. উপজেলা মৎস্য অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
৭. অফিসার ইন-চার্জ, কুষ্টিয়া সদর,থানা কুষ্টিয়া
৮. উপজেলা প্রকৌশলী,কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
১০. উপজেলা শিক্ষা অফিসার, কুষ্টয়া সদর, কুষ্টিয়া
১১. উপজেলা সমাজসেবা অফিসার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
১২. উপজেলা পোস্টমাস্টার, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
১৩. অধ্যক্ষ, ঝাউদিয়া মহাবিদ্যালয় কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
১৪. প্রধান শিক্ষক কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
১৫. প্রধান শিক্ষক কুষ্টিয়া কালেক্টরটে স্কুল এন্ড কলেজ,কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
১৬. উপজেলা প্রতিনিধি,ওয়ান জিরো বিডি আইটি লিমিটেড, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
১৭. জনাব .......................................................কুষ্টিয়া সদর ,কুষ্টিয়া
১৮. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল), কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
১৯. ইউনিয়ন পরিষদ সচিব(সকল), কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
২০. উদ্যোক্তা(সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার, কষ্টিয়া সদর,কুষ্টিয়া

১১/০৯/২০২৫

শাহিনা আকতার
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
আইসিটি বিষয়ক উপজেলা কমিটি/ফোরাম
কুষ্টিয়া সদর,কুষ্টিয়া
ফোন: ০১৭৬১৬১৩৯৬২
ই-মেইল:
shahina২৩doict@gmail.com

CamScanner